সমকাল

তারিখ 12 JAN 2016
পৃষ্ঠা 20 কলাম ২

শিক্ষকদের প্রতি প্রধানমন্ত্রী

# ছেলেমেয়েদের পড়াশোনা বন্ধ করবেন না

■ সমকাল প্রতিবেদক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্মবিরতিতে যাওয়া বিশ্ববিদ্যালয় শিক্ষকদের উদ্দেশে বলেছেন, শিক্ষকদের সমস্যা থাকলে সরকার অবশ্যই সেগুলো দেখবে; কিন্তু ছেলেমেয়েদের পড়াশোনা বন্ধ করবেন না। ক্লাস না নিয়ে ছেলেমেয়েদের লেখাপড়া বন্ধ করলে তারাও মেনে নেবেন না।

গতকাল সোমবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগের জনসভায় প্রধানমন্ত্রী এ কথা বলেন। শেখ হাসিনা বলেন, ১২৩ শতাংশ বেতন-ভাতা বাড়ানোর পরও কেন এ আন্দোলন! শিক্ষকদের জন্য আরও কিছু করার থাকলে সেটিও বিবেচনা করা হবে। তাই কোনো আন্দোলন নয়।

প্রধানমন্ত্রী বলেন, এভাবে ছেলেমেয়েদের লেখাপড়া বন্ধ করে মর্যাদা আদায় করা যায় না। মর্যাদা চাইলে চাকরি ছেড়ে পিএসসিতে পরীক্ষা দিয়ে সচিব হয়ে যান; কিন্তু ছেলেমেয়েদের লেখাপড়া বন্ধ করবেন না।

তিনি বলেন, শিক্ষা কার্যক্রম যেন সুষ্ঠুভাবে চলে এটি আমরা চাই। শিক্ষকের মর্যাদা অনেক ওপরে। যার যার কর্মক্ষেত্র সেখানেই। এখন একজন শিক্ষক যদি সচিবের মর্যাদা চান, তাহলে তো হলো না। এক্ষেত্রে তারা শিক্ষক না হয়ে সচিব হতেন। আর এ সম্মানবোধও কিছুটা নিজেদের ওপর নির্ভর করে। আমরা শিক্ষকদের চাকরির বয়সসীমা ৬৫ বছর করেছি। তারা কি চান, তাদের বয়স চাকরিজীবীদের মতো ৫৯-এ নিয়ে আসি। কথা ধরলে অনেক কিছুই ধরা যায়। এ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন শিক্ষার্থী শেখ হাসিনা আরও বলেন, 'আমার শিক্ষক আনিসুজ্জামান স্যার, রফিক স্যার'। আমি প্রধানমন্ত্রী হলেও তারা আমার শিক্ষক। আর তাদের সম্মানও আমার কাছে তাদের মতোই।' তিনি আরও বলেন, 'শিক্ষকরা তাদের মর্যাদা নিয়ে থাকুন, সেটিই আমরা চাই। কিন্তু আর যাই হোক, ছেলেমেয়েদের পড়ালেখা বন্ধ করতে পারবেন না, সেটি অব্যাহত রাখতে হবে।'